

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০০৪.৪৮.১৭.০২


তারিখঃ ২২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের দায়েরকৃত রিট পিটিশন নং-১৬২৪৫/২০১৮ মামলার আদেশ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.১৭.০০৪.১৭.২৪৬, তারিখ-০৩/১২/২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগের দায়েরকৃত রিট পিটিশন নং-১৬২৪৫/২০১৮ মামলার আদেশ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরকরণের বিষয়ে তদন্ত প্রতিবেদনটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোক্ত স্মারকে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত তদন্ত প্রতিবেদনে কোন প্রতিস্বাক্ষর নেই এবং মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরের বিষয়ে মহাপরিচালকের সুস্পষ্ট মতামত নেই।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তর করা যাবে কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদনটি প্রতি স্বাক্ষর পূর্বক এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৫/০২/২০২০  
(এ.কে.এম. লুৎফর রহমান)  
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)  
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ,  
ইস্কটন গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।